

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাং সেলিম উদ্দিন
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
তারিখ ও সময় : ২৯/০৪/২০২৪; সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
উপস্থিতি : সংযুক্ত (পরিশিষ্ট-ক)।


মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব এবং শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভাপতি এর সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব মোঃ হেমায়েত হোসেন, যুগ্মসচিব বলেন, মন্ত্রণালয়/বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন (জানুয়ারি-মার্চ/২০২৪) (প্রমাণকসহ) ১৭/০৪/২০২৪ তারিখের মধ্যে সুশাসন বিষয়ক সফটওয়্যারে আপলোড করা হয়েছে। তিনি প্রতিটি ক্রমিকের বিপরীতে বাস্তবায়িত অগ্রগতি প্রতিবেদনসমূহের বিষয়ে সভায় আলোকপাত করেন। কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতি কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিকের ৩.২, ৩.৩ ও ৩.৪ ক্রমিকের সূচকসমূহের প্রমাণকসহ অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রশাসন-৩ অধিশাখায় জমা প্রদানের জন্য বলেন। ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার খসড়া সভায় উপস্থাপন করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে খসড়া কর্মপরিকল্পনা সুশাসন বিষয়ক সফটওয়্যারে আপলোডের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া কর্মকর্তাগণ কর্তৃক জেলা/উপজেলা অফিস পরিদর্শনকালে সংশ্লিষ্ট অফিসসমূহের পাশাপাশি চলমান উন্নয়ন প্রকল্প ও ফার্মসমূহ সরেজমিনে পরিদর্শনের নির্দেশনা প্রদান করেন।

০২। সভাপতি বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ চলতি অর্থবছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়নের সময় যে নির্দেশনা প্রদান করেছে তার শতভাগ অনুসরণ করে মন্ত্রণালয়ের কার্যক্রমসমূহ সম্পাদন করতে হবে। বিশেষ করে কার্যক্রম সম্পাদনের পর যথাযথ প্রমাণক তাৎক্ষণিকভাবে সংরক্ষণের প্রতি গুরুত্ব আরোপ করেন। কর্মপরিকল্পনার ৩ নং ক্রমিকভুক্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলোতে অনুবিভাগ প্রধানগণকে ব্যক্তিগতভাবে তদারকি করার জন্য ও তিনি নির্দেশনা প্রদান করেন।

০৩। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১।	এ মন্ত্রণালয়ের ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার খসড়া নির্ধারিত সময়ের মধ্যে সুশাসন বিষয়ক সফটওয়্যারে আপলোডসহ ওয়েবসাইটে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়।
২।	কর্মপরিকল্পনার ৩.২ নং ক্রমিকের বিষয়ে ড. এস এম যোবায়দুল কবীর, যুগ্মসচিব (প্রাণিসম্পদ-২); ৩.৩ নং ক্রমিকের বিষয়ে ড. আবু নঈম মুহাম্মদ আব্দুস ছবুর, মাননীয় মন্ত্রীর একান্ত (যুগ্মসচিব) ও ৩.৪ ক্রমিকের বিষয়ে জনাব মোঃ আরমান হায়দার, উপসচিব (প্রাণিসম্পদ-৪) কর্তৃক পরিদর্শনপূর্বক প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
৩।	এ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ কর্তৃক জেলা/উপজেলা অফিস পরিদর্শনকালে সংশ্লিষ্ট অফিসসমূহের পাশাপাশি চলমান উন্নয়ন প্রকল্প ও ফার্মসমূহ সরেজমিনে পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোহাং সেলিম উদ্দিন)
সচিব
ও
সভাপতি

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd


স্মারকনং-৩৩.০০.০০০০.১০৯.০৬.০০৬.২৩-২৮৩

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩১
১২ মে ২০২৪

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অর্থবছর এর ৪র্থ নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ নৈতিকতা কমিটির ২৯/০৪/২০২৪ তারিখের সভার কার্যবিবরণী (হার্ডকপি ও সফটকপি) পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


১২/০৫/২০২৪
(মোসাম্মৎ জোহরা খাতুন)
যুগ্মসচিব
ফোনঃ ৫৫১০০৪০৭

ই-মেইল: administration-3@mofl.gov.bd

সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
সরকারি পরিবহন পুল ভবন
বাংলাদেশ সচিবালয় লিংক রোড, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারি সচিব (শুদ্ধাচার শাখা)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. যুগ্মসচিব (মৎস্য-১ অধিশাখা), ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অফিস কপি/মাস্টার কপি।